দৈনিক সংবাদ

তারিখ ... 27 DEC 1998
পৃষ্ঠা ৪ কলাম ৬

৩১

## ১৯৯৯ সালের এসএসসি পরীক্ষার ফিস সংক্রান্ত

নোয়াখালী জেলার বেগমগঞ্জ থানায় বেগমগঞ্জ সরকারি কারিগরি উচ্চবিদ্যালয় অবস্থিত। উক্ত বিদ্যালয়ে ৬৭/৬৮ জন ১৯৯৯ সালের পরীক্ষার্থী টেস্ট পরীক্ষায় অংশগ্রহণ করে। এদের মধ্যে প্রায় পনের শতাংশ সব বিষয়ে পাস করে। পরীক্ষার ফিস ও পরীক্ষার ফলাফল জানানোর জন্য অভিভাবক ডাকা হয়। অকৃতকার্য বিষয়গুলো ঠিকঠাক করিয়ে নেয়ার জন্য অভিভাবকদের উপর চাপ প্রয়োগ করা হয়। অভিভাবকদের তরফ থেকে ছাত্রদের কোচিং করানোর অনুরোধ করা হয়। কোচিং করানোর সিদ্ধান্ত হয়। পরীক্ষার্থী সব মিলিয়ে ১৫০০/ টাকা দেয়ার সিদ্ধান্ত হয়।

পর্যালোচনা করলে দেখা যাবে সারা বাংলাদেশে এসএসসি পরীক্ষার কোচিং ফি প্রায় একই প্রকার। নির্ধারিত পরীক্ষার ফিস ব্যতীত অন্য কোন কোচিং ফি বা চাঁদা নেয়ার সরকারি অনুমতি আছে কিনা তা আমার জানা নেই। চলতি সালের গত বন্যা দেশের, বিশেষ করে শতকরা পঁচাশি জন কৃষকের অর্থনৈতিক অবস্থা পঙ্গু করে দিয়েছে।

এমতাবস্থায় ১৯৯৯ সালের এসএসসি পরীক্ষার্থীদের কাছে হতে কোন প্রকার কোচিং ফি ধার্য না করার ব্যাপারে সরকারের হস্তক্ষেপ কামনা করি। ১৪০০/১৫০০ টাকা করে ফিস দিতে হলে হালের গরু, ফসলের জমি খোয়াতে হবে। মহাজনের সুদ যোগাড় করতে হবে। এ বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃষ্টি আকর্ষণ করছি।

জালাল আহম্মদ
গ্রামঃ নাজিরপুর, ডাকঘরঃ বেগমগঞ্জ,
জেলাঃ নোয়াখালী